## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১২ই চৈত্র বুধবার ১৩৬৪ ইংরাজী 26th Mar. 1958 { ৪২শ সংখ্যা।

৫ই চৈত্র ১৮৭৯ শকাব্দ






ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Service

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

### শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

## আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১২ই চৈত্র বুধবার সন ১৩৬৪ সাল।

# শতং জীবতু সিদ্ধার্থশঙ্কর !

—•—

ভারত ইংরাজের অধীনতা শৃঙ্খল হইতে মুক্ত হইয়াছে দশ বৎসর আট মাস পূর্ব্বে। সরকারী কাগজে কাগজে দেখিতে পাওয়া যায় **'সত্যমেব জয়তে'** মহাবাক্যটি। কিন্তু সাহস করিয়া সত্য কথা বলে এমন মানুষ আজ অবধি আমাদের নজরে পড়ে নাই। সত্য কথা বলিবার সময় চারিদিক চাহিয়া বলিতে হয়। যদি সত্য কথাটি কোন ক্ষমতাপন্ন ব্যক্তির স্বার্থের ব্যাঘাত জন্মায় তা হ'লে সত্যবাদীর সর্ব্বনাশ হইবে।

রাজনীতি ক্ষেত্রে যাঁহারা শাসনক্ষমতা প্রাপ্ত হইয়াছেন তাঁহাদের মধ্যে রাজনীতি দুর্নীতিদুষ্ট হইয়া দেশকে জাহান্নমের দিকে লইয়া যাইতেছে। যাঁহাদের নিকট দেশের জনসাধারণ সর্ব্ব বিষয়ে উন্নতির আশা করিয়া তাঁহাদের মুখ চাহিয়া আছে তাঁহারাই রক্ষকরূপে ভক্ষক হইয়া দেশকে ক্রমশঃ ধ্বংসের গহ্বরে নিক্ষেপ করিতেছে, একথা সত্য হইলেও স্পষ্ট করিয়া বলে এমন রাজপুরুষ কেহ আছেন কিনা সন্দেহ।

পুনঃ পুনঃ খণ্ডিত হইয়া অবহেলিতা বঙ্গমাতা দুর্দ্দশার চরম সীমায় উপনীতা হইয়াছেন। এই দুঃখ ও দারিদ্র্যের অন্ধকার মধ্যে জননী তাঁহার একটি কর্ত্তব্যপরায়ণ সুসন্তানের কর্ম্মপদ্ধতি দেখিয়া আশার আলোক দেখিতে পাইয়াছেন।

পশ্চিম বাংলা বিধান সভায় গত সাধারণ নির্ব্বাচনে স্বনামধন্য স্বর্গত দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের দৌহিত্র শ্রীমান্ সিদ্ধার্থশঙ্কর রায় আইন মন্ত্রীর আসন লাভ করিয়া প্রত্যেক দুর্নীতির ব্যথা অনুভব করিয়া সহিতে সহিতে আর সহ্য হইল না। হঠাৎ তাঁহার কোমল পবিত্র আত্মা বিদ্রোহী হইয়া উঠিল। প্রতিকারের বহু চেষ্টা করিয়া মুখ্যমন্ত্রী মহাশয়ের দ্বারস্থ হইয়া সমস্ত নিবেদন করিলেন। দিল্লী পর্য্যন্ত গিয়া এ কলঙ্ক দূর করা তাঁহার সাধ্যাতীত বলিয়া পাঁক স্পর্শ করিয়া হাত ধুইবার পরিবর্ত্তে পাঁকের কাছে না থাকাই শ্রেয় ভাবিয়া "প্রক্ষালনাদ্ধি পঙ্কস্য দূরাদস্পর্শনং বরং" নীতি অবলম্বন করিলেন। তিনি মন্ত্রীমণ্ডলী হইতে বিদায় গ্রহণ করিয়া গত সোমবার বিধান সভায় সর্ব্বসমক্ষে এক ৮১ পৃষ্ঠায় টাইপ করা বিবৃতি দিয়াছেন। বিবৃতিতে শ্রীমান্ পশ্চিম বাংলার **অন্নদাতা ও ভয়ত্রাতা** মন্ত্রীদ্বয়ের প্রমাণসম্বলিত গুণাগুণ বর্ণনা করিতে পশ্চাৎপদ হন নাই। ইহাতে দেশের বহু লোকের চক্ষু উন্মীলিত হইয়াছে।

আগামী ২৭শে মার্চ্চ মন্ত্রীমণ্ডলীর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব শুনানীর দিন আছে। সেই দিন পর্য্যন্ত কংগ্রেস মনোনীত মেম্বর হইয়া থাকিবেন। তৎপরে কংগ্রেস দলেও পরিত্যাগ পত্র দাখিল করিয়া তাঁহার নির্ব্বাচন কেন্দ্র হইতেই অকংগ্রেসী সদস্য পদপ্রার্থী হইবেন।

তিনি যে সব দুর্নীতির উল্লেখ করিয়াছেন তাহা কোন সভ্যদেশের সভ্যসরকারের থাকা উচিত নয়। আমাদের কাগজ অতি ক্ষুদ্র তাঁহার বিবৃতি মাস খানেক ধরিয়া ছাপিলে তবে শেষ হয়। সুতরাং আমরা পাঠকবর্গকে অন্যান্য সংবাদপত্র হইতে রক্ষক-রূপী ভক্ষকদের স্বরূপ অবগত হইতে অনুরোধ করি।

আমরা দেশের সুসন্তান কর্ত্তব্যপরায়ণ স্পষ্টবাদী শ্রীমান্ সিদ্ধার্থশঙ্কর রায়কে কি বলিয়া কৃতজ্ঞতা জ্ঞাপন করি, সে ভাষা আমাদের নাই।

আজ দেশবন্ধুর বাংলায়, নেতাজীর বাংলায়, শ্যামাপ্রসাদের বাংলায় নেতৃত্ব করিবার কেহ নাই। আজ সিদ্ধার্থশঙ্কর তাঁহার "সিদ্ধার্থ" নামের সার্থকতা দেখাইয়া মূক, বধির, অন্ধ জনসাধারণের নেতৃত্ব গ্রহণ করিয়া মাতামহের তৃপ্তি উৎপাদন করিয়া তর্পণ করুন ইহাই আমরা ভগবৎ সমীপে প্রার্থনা করি। শতং জীব হইয়া যে ব্রত আরম্ভ করিয়াছেন তাহা উদ্‌যাপন করুন। আজ দশ বৎসরের মধ্যে "সত্যমেব জয়তের" কোন আদর্শ দেখিতে পাই নাই। স্বাধীন ভাবে সিদ্ধার্থশঙ্করের মত অন্যায়ের বিরুদ্ধে এমন ভাবে দাঁড়াইতে স্বাধীন ভারতে ইতিপূর্ব্বে কাহাকেও দেখি নাই, আজ মনে পড়িতেছে মারাঠি ব্রাহ্মণ স্বর্গত গোখেলের কথা যিনি বলিয়াছেন—"বাংলা যা আজ দেখায় ভারতের অন্য প্রদেশ তা আগামী কাল দেখায়।" স্বাধীন ভারতে এই আদর্শ প্রথম তাহাতে সন্দেহ নাই। শ্রীমান্ সিদ্ধার্থশঙ্করের উদ্দেশ্যে আবার বলি তাঁহার

কুলং পবিত্রং জননী কৃতার্থা

"সত্যমেব জয়তে।"

---

## সংবাদ

আগামী ১০ই মে, ১৯৫৮ হইতে ৯ই জুন, ১৯৫৮ বেলডাঙ্গা ইউনিয়ন স্পোর্টিং গ্রাউণ্ডে ৫২৫ জন শিক্ষার্থীকে লইয়া ভারতীয় লোক সহায়ক সেনা শিবির অনুষ্ঠিত হইতেছে, এই উপলক্ষে আগামী ৭ই মে হইতে ৯ই মে, ১৯৫৮ পর্য্যন্ত উপরি উক্ত স্থানে সুযোগ্য প্রার্থীগণকে মনোনয়ন করা হইবে।

১৮ হইতে ৪০ বৎসর বয়সের যে কোন সুস্থ, সবল ভারতীয় যুবককে এই শিক্ষা শিবিরে গ্রহণ করা যাইতে পারে শিক্ষাকাল ( ৩০ দিন ) শেষ হইলে ১৫৲ টাকা পকেট খরচা দেওয়া হয়। শিক্ষাকালে আহার, বাসস্থান ( তাঁবু ) পোষাক প্রভৃতিও দেওয়া হয়। প্রার্থীকে অবশ্যই সঙ্গে সামান্য বিছানা পত্র আনিতে হয়।

—জেলা প্রচার সংস্থা

---

## দুর্ঘটনায় চারিটী মহাপ্রাণীর জীবনাবসান

গত ১১ই চৈত্র মঙ্গলবার শেষ রাত্রিতে জঙ্গিপুর মহকুমার সাগরদীঘি থানার অন্তর্গত তাঁতিবিড়ল গ্রামের ডাক্তার শ্রীক্ষিতীশচন্দ্র সিংহ মহাশয়ের মাতা একটি ভাগিনেয়ী ও দুইটী ভাগিনেয় গৃহ মধ্যে নিদ্রিত অবস্থায় পুড়িয়া মারা গিয়াছে। বিছানার নিকটে একটি কাঁচ ভাঙ্গা লণ্ঠন জ্বলিতেছিল। ঐ লণ্ঠনের আগুন মশারীতে ধরিয়া গিয়া ঘরের ভিতরে রক্ষিত কেরোসিন তৈলের টিনে, বিছানাপত্র ও পাটে আগুন লাগিয়া ঘর ধূমায় পরিপূর্ণ হয়। টিন ফাটার শব্দে ক্ষিতীশ বাবু জাগিয়া উঠেন এবং ঘরের দরজা ভাঙ্গিয়া ফেলেন। তাঁহার চীৎকারে প্রতিবেশীগণ সমবেত হইয়া সকলকে মৃতাবস্থায় দেখিতে পান। এই হৃদয়বিদারক দৃশ্য দেখিয়া

গ্রামবাসীগণ বিশেষ মর্ম্মাহত হন। সে দিন প্রতিবেশীগণের রান্না হয় নাই। দুর্ঘটনার কিছুক্ষণ পূর্ব্বে ক্ষিতীশ বাবুর ভগ্নী রঘুনাথগঞ্জ যাইবার জন্য গো-গাড়ীযোগে রওনা হন। তাঁহার গাড়ী পথিমধ্য হইতে ফিরাইয়া লইয়া যাওয়া হয়। তিনি মায়ের ও তিনটী সন্তানের মৃতদেহ দেখিয়া শিলামূর্ত্তির ন্যায় নিষ্পলক দৃষ্টিতে দণ্ডায়মান থাকেন। আগামী ৩রা বৈশাখ কন্যাটীর বিবাহের দিন স্থির হইয়াছিল। সবই নিয়তির পরিহাস! ইহা রোধ করার ক্ষমতা মানুষের নাই। আমরা সন্তান বিয়োগ-বিধুর মাতা-পিতার ও ক্ষিতীশ বাবুর শোকে সমবেদনা প্রকাশ করিতেছি।

---

## বালিকার কৃতিত্ব

জঙ্গিপুর—জয়রামপুর নিবাসী মিউনিসিপ্যাল কমিশনর শ্রীআবদুল খালেক সেখের কন্যা রোকেয়া বেগম মুর্শিদাবাদ জেলার মধ্যে প্রথম স্থান অধিকার করিয়া বৃত্তি লাভ করিয়াছে। শ্রীমতী জঙ্গিপুর জুনিয়র বালিকা বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণীর ছাত্রী। শ্রীমতীর সাফল্যে আমরা উক্ত বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাগণকে অভিনন্দন জ্ঞাপন করিতেছি।

---

## বালকের শিক্ষার সুযোগ

জঙ্গিপুর ফৌজদারী আদালতের প্রাক্তন করণিক শ্রীকালীপ্রসাদ রায় মহাশয়ের মধ্যম পুত্র রঘুনাথগঞ্জ হাই স্কুলের অষ্টম শ্রেণীর ছাত্র শ্রীমান্ হীরককুমার সর্ব্ব ভারতীয় প্রতিযোগিতা পরীক্ষায় .উত্তীর্ণ হইয়া মেধা বৃত্তি লাভ করিয়া নৈনিতাল বিরলা বিদ্যা-মন্দিরে শিক্ষা লাভের সুযোগ পাইয়াছে। শ্রীমান্ হীরক লেখাপড়ায় উন্নতি লাভ করুক ইহাই কামনা করি।

---

## বসন্ত রোগ

এই মহকুমার প্রায় সকল গ্রাম ও সহরের জনগণ বসন্ত রোগে ভুগিতেছে। রোগের প্রকোপ কমে নাই। এই যন্ত্রণাদায়ক ব্যাধিতে জনগণের মনে ভীতির সঞ্চার হইয়াছে।

---

## সরকারী বিজ্ঞপ্তি

মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারের নোটিস বোর্ডে এবং জেলার প্রান্তবর্তী মহকুমা শাসকের অফিসগুলির নোটিস বোর্ডে, যে সকল প্রার্থী সাধারণের ব্যবহার্য যানবাহনের পারমিটের জন্য এবং সেই সঙ্গে সরকারী মাল লরি, বেসরকারী মাল লরি এবং কনট্রাকট ক্যারেজের পারমিটের পুনর্নবীকরণের জন্য দরখাস্ত করিয়াছেন তাঁহাদের নাম টাঙ্গাইয়া দেওয়া হইয়াছে। নিম্নস্বাক্ষরকারীর নিকট এই নোটিস প্রকাশ হইবার ৩০ দিনের মধ্যে এই সম্পর্কে অভিযোগাদি গ্রহণ করা হইবে। শ্রী আর, এন, রায় মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারের সচিব।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## *নিলামের দিন ১৫ই এপ্রিল ১৯৫৮*

### ১৯৫৬ সালের ডিক্রীজারী

৩৬৫ থাং ডিঃ নলিনাক্ষ রায় দিং দেং দিগবাস মণ্ডল দিং দাবি ৬৩-৩৪ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহেবনগর ২-৭৮ শতকের কাত ১১৷৶৬ আঃ ৪০৲ থং ১২১

### ১৯৫৭ সালের ডিক্রীজারী

৩১৮ থাং ডিঃ ফুলচাঁদ শেঠি দেং সাবিত্রীবালা দেবী দাবি ১৭-৮৯ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুতুবপুর ২-৯৫ শতকের কাত ১৪৷৶০ আঃ ২৫৲ থং ৫০

৩৩৩ থাং ডিঃ ঐ দেং সাজিরুদ্দিন বিশ্বাস দিং দাবি ১৪-৪৪ নঃ পঃ থানা ঐ মৌজে কাশিয়াডাঙ্গা ২-৩৭ শতকের কাত ২৶৮ পাই আঃ ১৫৲ থং ৫৫

৩৩৪ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ রায় দিং দাবি ১৩-৩১ নঃ পঃ থানা ঐ মৌজে নসীপুর ২-৭৩ শতকের কাত ৬৸৶৬ আঃ ১৫৲ থং ২৪৫

১৬৫ থাং ডিঃ শিউ প্রসন্নরাম ভকত দেং সীতানাথ বারিক দিং দাবি ৭৩-৩৯ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাদ্ধ্যা ১-৮২ শতকের কাত ১০৸০ আঃ ৪০৲ থং ৪০২

২৬৮ থাং ডিঃ তারাপদ রায় দেং লাবণ্যলতা দাসী দাবি ৩২-৩১ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ৩-৮০ শতকের কাত ১৯৶০ আঃ ২৫৲ থং ২১

২৪৭ থাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং পশুপতি মহান্ত দাবি ১৯- ৪৪ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেওাজামুয়ার ১-০৯ শতকের কাত ৬৷৶৬ আঃ ২৫৲ থং ৩৭৯।১

২১০ থাং ডিঃ কালীকুমার মুখোপাধ্যায় দেং সিতপ্রভা দেবী ওরফে ছেতু দাবি ১৮-৫ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে দেউলী ৫৫ শতকের কাত ৯৲ আঃ ৮৲ থং ২৪১ রায়ত স্থিতিবান

২৬৭ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং জ্যোৎস্নাময়ী চৌধুরাণী দিং দাবি ২৮-৯৭ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে আমগাছি ৫-৮০ শতকের কাত ২০৷৶০ আঃ ১৫৲ থং ৭৮

২৫৩ থাং ডিঃ নীলরতন রায় দেং ছকুরুদ্দিন সেখ দিং দাবি ২৭-৫৯ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে ভাবকী ৫০ শতকের কাত ৬৲ আঃ ১০৲ থং ৩৫৩

২২২ থাং ডিঃ মহাম্মদ সেকেন্দার সাহেব দেং শ্রীনন্দন সাহা দিং দাবি ২৫-৫৫ নঃ পঃ থানা সুতী মৌজে ফতেউল্লাপুর ২৫ শতকের কাত ৷৶০ নিজাংশে ৵১২ গণ্ডা আঃ ১০৲ থং ৬০২ অধীনস্থ থং ৬০৩

২২৪ থাং ডিঃ বিবি আমাতুস সুফিয়া সাহেবা দিং দেং মাওলাবকস মণ্ডল দিং দাবি ৩৪-৮৪ নঃ পঃ থানা সুতী মৌজে ঘোড়াপাখিয়া গাঙ্গিন (ফতেউল্লা-পুর) ২৭ শতকের কাত ৮৶১৫ গণ্ডা নিজাংশে ৵৬ আঃ ১০৲ থং ৬৩৭

৫০ অন্য ডিঃ ধীরেন্দ্রনাথ চৌধুরী দেং ভুপেন্দ্রনাথ চৌধুরী ৬নং দাবি ৬৩-৫২ নঃ পঃ থানা সুতী মৌজে রেএাপুর ২০৪ শতকের কাত ৬৷৶৭৷০ আঃ ৩৫৲ থং ৫৬২ মধ্যে ৬নং দেন্দারের জমি নিলাম হইবে।

৫১ অন্য ডিঃ ঐ দেং বিনোদিনী দেবী দাবি ৩১-১৮ নঃ পঃ মৌজাদি ঐ ১-৭২ শতকের কাত পড়তামত আঃ ২৫৲ থং ৪৯৭ মধ্যে ৬নং দেন্দারের জমি নিলাম হইবে।

৭৭ মনি ডিঃ জ্যোৎস্নাময়ী সরকার দিং দেং গোবিন্দদাস নাথ দিং দাবি ২০৩-০১ নঃ পঃ থানা ও মৌজে রঘুনাথগঞ্জ ২৪ শতকের কাত ১২।০ আঃ ৬০৲ থং ১৫৭; ২নং লাট মৌজাদি ঐ ১৫১ শতকের কাত ২৮৮ পাই আঃ ৬০৲ থং ৮৪

---



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



---

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন"    টেলিফোন : বড়বাজার ৫১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সুতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত